# আশ্রয়কেন্দ্র/পূনর্বাসনকেন্দ্র মেরামত কাজের দরপত্র/টেন্ডার বিজ্ঞপ্তি

কারিতাস চট্টগ্রাম অঞ্চলের অধীনে পরিচালিতঃ The Project for Flood Response and Recovery in Chattogram Division-Feni প্রকল্পের ২য় ধাপে ফেনী জেলার ফেনী সদর উপজেলার ফেনী পৌরসভা, ফরহাদনগর, বালিগাঁও ইউনিয়নে এবং ছাগলনাইয়া উপজেলার পাঠাননগর ইউনিয়নে অবস্থিত নির্বাচিত ঘূর্ণিঝড়/বন্যা আশ্রয়কেন্দ্র সমূহের মেরামত কাজ সম্পন্ন করার নিমিত্তে প্রকৃত সংশ্লিষ্ট মেরামত, নির্মাণ, ও পূনঃ নির্মাণ কাজের অভিজ্ঞতা সম্পন্ন এবং সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাষিত প্রতিষ্ঠানের নির্মাণ সংশ্লিষ্ট লাইসেন্সধারি ঠিকাদার/নির্মাণকারী প্রতিষ্ঠানের নিকট থেকে প্রাথমিক পর্যায়ে মোট ৪ টি আশ্রয়কেন্দ্র মেরামত কাজের জন্য দরপত্র আহ্বান করা যাচ্ছে। আগ্রহী ঠিকাদারগণকে অফিসে সংরক্ষিত ৪ টি আশ্রয়কেন্দ্রের মেরামত কাজের জন্য Package অনুসারে Bill of Quantity (BOQ), Tender Schedule এবং অন্যান্য যাবতীয় নথিপত্র সংগ্রহ পূর্বক আবেদনের জন্য অনুরোধ করা হচ্ছে।

**ঘূর্ণিঝড়/ আশ্রয়কেন্দ্র সমূহের নাম ও ঠিকানা নিম্নে প্রদান করা হলোঃ**

| প্যাকেজ নং | ঘূর্ণিঝড়/বন্যা আশ্রয়কেন্দ্র সমূহের নাম | জেলা | উপজেলা | ইউনিয়ন | ওয়ার্ড নং |
|---|---|---|---|---|---|
| ১ | পূর্ব বিজয় সিংহ সরকারী প্রাথমিক বিদ্যালয় ও ঘূর্ণিঝড়/বন্যা আশ্রয়কেন্দ্র | ফেনী | সদর | পৌরসভা | ১৪ |
| ২ | পূর্ব সুলতানপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় ও ঘূর্ণিঝড়/বন্যা আশ্রয়কেন্দ্র | ফেনী | সদর | ফরহাদনগর | ৭ |
| ৩ | বালিগাঁও সরকারী প্রাথমিক বিদ্যালয় ও ঘূর্ণিঝড়/বন্যা আশ্রয়কেন্দ্র | ফেনী | সদর | বালিগাঁও | ৪ |
| ৪ | পূর্ব হরিপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় ও ঘূর্ণিঝড়/বন্যা আশ্রয়কেন্দ্র | ফেনী | ছাগলনাইয়া | পাঠাননগর | ৫ |

বিস্তারিত কারিতাস চট্টগ্রাম আঞ্চলিক অফিস, ১/ই বায়েজিদ বোস্তামি রোড, মিমি সুপার মার্কেট এর পিছনে, পূর্ব নাসিরাবাদ, চট্টগ্রাম-এ অফিস চলাকালীন; রবিবার হতে বৃহস্পতিবার (৯.০০ টা হতে ৪.০০ টা) সময়ে জানা যাবে। উল্লেখ্য যে, আগামী **২৯/০৪/২০২৬ খ্রিঃ দুপুর ২.০০ ঘটিকার** মধ্যে দরপত্র দাখিল করতে হবে এবং দরপত্র দাখিলের পূর্বে **আগামী ২৬/০৪/২০২৬ তারিখে সকাল ১১:০০ ঘটিকায়** দরপত্র দাখিল করতে আগ্রহী ঠিকাদার/নির্মাণকারী প্রতিষ্ঠানের সাথে কারিতাস চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে একটি দরপত্র দাখিল পূর্বক **(প্রি-বিড) আলোচনা সভার আয়োজন** করা হবে। উক্ত সভায় আগ্রহী দরদাতাদের উপস্থিতি থাকতে হবে। এতদসংক্রান্ত টেন্ডার সিডিউল **২৩/০৪/২০২৬ থেকে ২৯/০৪/২০২৬ খ্রিঃ** দুপুর ১.০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি অথবা বোরহান উদ্দিন ০১৮১৮৩৪৪২৮৪ নম্বরে যোগাযোগ করে এবং কারিতাস বাংলাদেশ ওয়েবসাইট www.caritasbd.org পাওয়া যাবে।

# আশ্রয়কেন্দ্র/পূনর্বাসনকেন্দ্র মেরামত কাজের দরপত্র আহবান বিষয়ক বিজ্ঞপ্তি

কারিতাস চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় কর্তৃক পরিচালিত “The Project for Flood Response and Recovery Chattogram Division-Feni” প্রকল্প এর ২য় ধাপের জন্য ফেনী জেলার অন্তর্গত ফেনী সদর এবং ছাগলনাইয়া উপজেলার অধীনে বিভিন্ন ইউনিয়ন, ওয়ার্ড এবং গ্রাম পর্যায়ে অবস্থিত আশ্রয়কেন্দ্র সমূহের প্রয়োজন/চাহিদা অনুযায়ী মেরামতের কাজ সম্পন্ন করার নিমিত্তে নিম্নে উল্লেখিত শর্তাবলী ও বিবরণের আলোকে দরপত্র তে বর্ণিত ০৪ টি আশ্রয় কেন্দ্রের মেরামত কার্যক্রমের জন্য দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র দাখিলের শর্তাবলী নিম্নরূপঃ

ক)**আবেদন দাখিলঃ** নির্ধারিত কর্তৃপক্ষ এই সিডিউলের জন্য নিজেদেরকে যোগ্যতা সম্পন্ন মনে করলে, নিজ নিজ প্রতিষ্ঠানের প্যাডে আবেদন পত্রের সাথে **প্রতিষ্ঠানের নামে আপডেট ট্রেড লাইসেন্স, টিআইএন, ভ্যাট রেজিস্ট্রেশন, কোম্পানি প্রোফাইল, ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট, ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক প্রদানকৃত সীল এবং স্বাক্ষর যুক্ত আপডেট ব্যাংক স্টেটমেন্ট,** এক বা একাধিক প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট নতুন র্নিমাণ কাজের/ মেরামত কাজের অভিজ্ঞতা (কার্যাদেশ কাজ সম্পাদনের সনদপত্র এর অনুলিপি)। আবেদনে অত্র সিডিউল, ড্রয়িং/ডিজাইন , সময় , কাজের ও মালপত্রের গুনগত মান এবং বিজ্ঞপ্তির সকল বিষয়/শর্তাদি মেনে কাজ করার বিষয় উল্লেখ করতে হবে। প্রতিটি আশ্রয়কেন্দ্র পরিদর্শন পূর্বক প্রযোজ্য **সকল মূল্যের ক্ষেত্রে একক ও মোট মূল্য সরকারী বিধি অনুসারে ভ্যাট সংযুক্ত করে দরপত্র জমা দিতে হবে। দরপত্রদাতার জমাকৃত প্রতিটি কাগজপত্রে সীল ও সাক্ষর থাকতে হবে।চারটি প্যাকেজ এর জন্য আলাদা আলাদা প্যাকেট এ কওে সিল গালা করে জমা দিতে হবে।**

খ) **আশ্রয়কেন্দ্র মেরামতের সময়সীমাঃ** কার্যাদেশ গ্রহণের দিন হতে সর্বোচ্চ পঁচিশ (২৫) দিন। কোন অবস্থাতেই সময় বর্ধন করা হবে না।

## গ) ঘূর্ণিঝড়/বন্যা আশ্রয়কেন্দ্র মেরামত কাজের দরপত্র আহবান বিষয়ক শর্তাবলীঃ

১) **প্রকৃত সরবরাহকারী/ঠিকাদার প্রতিষ্ঠানের অভিজ্ঞতাঃ** সংশ্লিষ্ট মেরামত, নির্মাণ, ও পূনঃ নির্মাণ কাজের অভিজ্ঞতা সম্পন্ন এবং সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাষিত প্রতিষ্ঠানের নির্মাণ সংশ্লিষ্ট লাইসেন্সধারি ঠিকাদার/নির্মাণকারী প্রতিষ্ঠান হতে হবে। **(যেমন :** LGED, PWD, City Corporation **ও সমমনা প্রতিষ্ঠানের** লাইসেন্সধারি হতে হবে**)** ও সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে উল্লেখিত সংশ্লিষ্ট মেরামত কাজে কমপক্ষে তিন বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে এবং ঠিকাদার প্রতিষ্ঠানের নামে **ব্যাংক একাউন্ট,** ভ্যাট , ট্যাক্স , ট্রেড লাইসেন্স থাকতে হবে।

২) নির্মাণ অথবা মেরামত কাজে কমপক্ষে বাৎসরিক **এক কোটি টাকা টার্ন ওভার** (Turn Over) আছে এইরূপ অভিজ্ঞতা সম্পন্ন ঠিকাদারগণ দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন। **দরপত্রের সাথে প্রমাণ স্বরূপ ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক প্রদানকৃত সীল এবং স্বাক্ষর যুক্ত ব্যাংক স্টেটমেন্ট এবং ব্যাংক ব্যাংক সলভেন্সী** সার্টিফিকেট **এর মূল কপি জমা দিতে হবে। ব্যাংক হিসাবে সর্বনিম্ন ১০ লক্ষ টাকা থাকতে হবে।**

৩) **আর্নেস্ট মানি ও সিকিউরিটি মানিঃ সরবরাহকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে এই দরপত্র শিডিউলে উল্লেখিত মোট মূল্যের ২.৫% আর্নেস্ট মানি "Caritas Bangladesh CTG"** নামে পে-অর্ডার (ফেরৎযোগ্য) দাখিল করতে হবে। ০৪টি প্যাকেজ এর জন্য আলাদা আলাদা পে অর্ডার করতে হবে। কার্যাদেশ প্রদানের জন্য মনোনীত প্রতিষ্ঠানের ক্ষেত্রে কার্যাদেশ এর মোট মূল্যের উপর আরো ৭.৫% ***সিকিউরিটি মানি হিসেবে পে অর্ডার জমা দিতে হবে*** কার্যাদেশ গ্রহণের পূর্বে। উল্লেখ্য যে, কার্যাদেশ প্রদানের জন্য মনোনীত প্রতিষ্ঠানের ক্ষেত্রে কার্যাদেশে উল্লেখিত শর্তসমূহ পূরণ সাপেক্ষে সরবরাহ এবং মেরামত কাজ সম্পন্ন হওয়ার **১** বছর পর **১০% (আর্নেস্ট মানি ২.৫% ও সিকিউরিটি মানি ৭.৫%)** পে-অর্ডার ফেরত দেয়া হবে যা পূনরায় কাজ চেক করে ও যদি কোনো কিছু নষ্ট হয় তা ঐ গুলো মেরামত করিয়ে নেওয়ার পর। কোনো শর্ত লংঙ্ঘিত হলে এই জামানত বিনা নোটিশে বাজেয়াপ্ত হয়ে যাবে। যারা কার্যাদেশ প্রাপ্ত হবেনা তাদের **২.৫% আর্নেস্ট মানি ০৭(সাত)** কর্মদিবসের মধ্যে ফেরত দেয়া হবে।

৪) **দরপত্র শিডিউল সংগ্রহ ও দাখিল পদ্ধতি:** আঞ্চলিক কার্যালয় হতে অথবা কারিতাস বাংলাদেশ এর ওয়েবসাইট (**www.caritasbd.org**) হতে দরপত্র শিডিউল ও ড্রয়িং/ডিজাইন সম্বলিত সকল ডকুমেন্ট ২৩/০৪/২০২৬ **খ্রী: সকাল ১০.০০ ঘটিকা হতে** আগামী ২৯/০৪/২০২৬ **বিকাল ১.০০ পর্যন্ত** সংগ্রহ করা যাবে এবং এই দরপত্র শিডিউল-এ মূল্য উল্লেখসহ প্রয়োজনীয় নথিপত্র কারিতাস চট্টগ্রাম-এর টেন্ডার বক্সে অথবা ই-মেইল (**procurement.cro@gmail.com**) এর আগামী ২৯/০৪/২০২৬ **খ্রী: বিকাল ২.০০ ঘটিকার** মধ্যে দাখিল করতে হবে। যারা ই-মেইল এ দরপত্র দাখিল করবে তাদেরকে অবশ্যই পে-অর্ডারের কপি স্ক্যান করে সকল নথিপত্র প্রেরণ করতে হবে। দরপত্রের সাথে সরবরাহকারী নিজ প্রতিষ্ঠানের প্যাডে সংযুক্ত সিডিউল/বিবরণী অনুসারে দর ও তথ্য পূরণ করে প্যাকেজ অনুসারে **আঞ্চলিক পরিচালক, কারিতাস চট্টগ্রাম অঞ্চল** এর বরাবরে আবেদন অবশ্যই সংযুক্ত করতে হবে।

৫) আশ্রয়কেন্দ্র মেরামতের প্রয়োজনীয় সকল মালামাল, যন্ত্রপাতি, শ্রমিক/মিস্ত্রি ইত্যাদি ঠিকাদার ব্যবস্থা করবেন ও নিজ দায়িত্বে এবং নিজ খরচে সাইটে আনতে হবে এবং **কাজ শেষে অব্যবহৃত মালামাল সাইট হতে নিয়ে যেতে হবে**। নির্মাণ কাজে অভিজ্ঞ শ্রমিক ও মিস্ত্রি কাজে নিয়োগপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে কাজ শেষ করতে হবে। শ্রমিক/মিস্ত্রি নিয়োগের ক্ষেত্রে শুধুমাত্র বাংলাদেশী নাগরিকদের কাজে নিযুক্ত করতে হবে অন্যথায় শ্রমিক সংক্রান্ত কোনো জটিলতা তৈরি হলে ঠিকাদারকে এর সম্পূর্ণ দায়ভার বহন করতে হবে। প্রয়োজনীয় ক্ষেত্রে চাহিদা মোতাবেক শ্রমিক/মিস্ত্রিদের জাতীয় পরিচয় পত্র (এনআইডি) সংক্রান্ত নথিপত্রের ফটোকপি কারিতাস কর্তৃপক্ষকে জমা করতে হবে। কর্মক্ষেত্রে কোন শ্রমিক দুর্বল এবং অদক্ষ পরিলক্ষিত হলে অনতিবিলম্বে কাজের স্থানে/সাইটে নতুন দক্ষ শ্রমিক/মিস্ত্রি পরিবর্তন/নিয়োগ করতে হবে।

৬) সংযুক্ত সিডিউল, ও ড্রয়িং/ডিজাইন অনুসারে ফেনী জেলার ফেনী সদর এবং ছাগলনাইয়া উপজেলার অধীনে বিভিন্ন ইউনিয়ন, ওয়ার্ড এবং গ্রাম পর্যায়ে অবস্থিত আশ্রয়কেন্দ্র সমূহের প্রয়োজন/চাহিদা অনুযায়ী মোট ০৪ টি আশ্রয়কেন্দ্রের মেরামত কাজ সম্পন্ন করতে হবে। প্রতিটি ইউনিয়নের নির্বাচিত প্রতিটি স্থানে মালামাল পরিবহনের খরচসহ অন্যান্য সকল খরচাদি ঠিকাদার বহন করিবেন।

৭) কারিতাস বাংলাদেশ মনোনীত প্রকৌশলী কর্তৃক সমস্ত মালামালের গুণগতমান যাচাই করার পর লোড এবং আনলোডের জন্য প্রস্তুত করতে হবে। এক্ষেত্রে নির্মাণ সামগ্রীর গুণগতমান বজায় না থাকলে উক্ত মালামাল বাতিল (Rejected) হবে এবং এর দায়ভার ঠিকাদারকে বহন করতে হবে।

৮) সরবরাহকৃত মালামাল কারিতাস বাংলাদেশের ইঞ্জিনিয়ার/কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক সংরক্ষণ ও স্থাপন কাজ সম্পন্ন করতে হবে।

৯) মেরামত কাজে সরকারি নিয়ম নীতি অনুসরণ করতে হবে এবং কারিতাস বাংলাদেশ এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার/প্রতিনিধি/ইঞ্জিনিয়ার এবং আশ্রয়কেন্দ্র ভিত্তিক প্রকল্প বাস্তবায়ন কমিটির তত্ত্বাবধায়নে এই কাজ করতে হবে।

১০) কাজের জন্য স্থানীয়ভাবে দক্ষ/অদক্ষ মিস্ত্রি/শ্রমিক দিয়ে কাজ করার জন্য অগ্রাধিকার প্রদান করতে হবে। কোনো অবস্থাতেই ১৮ বছরের নিচে কোনো মিস্ত্রি/শ্রমিক নিয়োগ দেওয়া যাবেনা। স্থানীয় মিস্ত্রি/শ্রমিকদের তালিকা সংরক্ষণ করতে হবে।

১১) নির্মাণ সামগ্রী/মালামাল পরিবহন অথবা দক্ষ মিস্ত্রী নিয়োগের ক্ষেত্রে যদি প্রয়োজন হয় তবে, উপজেলা প্রশাসনের অনুমতির প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে ঠিকাদার প্রতিষ্ঠানকে। যদি প্রয়োজন হয়, প্রশাসনের অনুমতির ব্যাপারে কারিতাস কর্তৃপক্ষ সর্বাত্মক সহযোগিতা করবে।

১২) পরবর্তীতে বাস্তবতার নীরিখে সিডিউলের/ড্রইং ও ডিজাইনের বাহিরে কোন কাজ করার প্রয়োজন হলে তা ঐ (সিডিউলে) প্রদত্ত দরের মধ্যে করতে বাধ্য থাকবে হবে।

১৩) সাইটে বা উক্ত কাজে যে কোন প্রকার দূর্ঘটনার দায়ভার ঠিকাদার প্রতিষ্ঠানকে বহন করতে হবে। কারিতাস বাংলাদেশ কোন রকম দায়ভার গ্রহণ করবে না বা দায়ী থাকবে না। এই বিষয়ে কোন প্রকার ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না এবং সর্ব আদালতে অগ্রাহ্য হবে।

১৪) পরিবহন জনিত, চুরি বা অন্য কোনো কারণে কোন মালামাল নষ্ট হলে ঠিকাদার প্রতিষ্ঠানকে বহন করতে হবে। কারিতাস বাংলাদেশ কোন রকম দায়ভার গ্রহণ করবে না বা দায়ী থাকবে না। এই বিষয়ে কোন প্রকার ওজর আপত্তি গ্রহণযোগ্য হবেনা।

১৫) কাজ চলাকালীন সময়ে ঠিকাদারের মিস্ত্রি/শ্রমিকদের দ্বারা আশ্রয়কেন্দ্র অথবা বিদ্যালয়ের কোনো উপকরণ/মালামাল ব্যবহার, নষ্ট, ক্ষতিসাধন করা যাবেনা। যদি কোন কারণে এ ধরণের ঘটনা ঘটে থাকে তাহলে ঠিকাদার নিজ খরচে তা পূরণ করতে বাধ্য থাকিবেন।

১৬) রংয়ের কাজ চলাকালীন বিদ্যালয়ের বেঞ্চ/টেবিল, মেঝে ত্রিপাল/চট/বস্তা দিয়ে অবশ্যই ঢেকে নিতে হবে। যদি অবহেলার কারণে ঢেকে না নিয়ে কাজ করে এবং মেঝে/ বেঞ্চ/টেবিল নষ্ট হয় তাহলে ঠিকাদার নিজ খরচে তা পরিস্কার করে দিতে বাধ্য থাকিবে।

১৭) **মূল্য সংযোজন কর (ভ্যাট) ও আয়কর:** নির্বাচিত প্রতিষ্ঠান এর মোট বিল হতে সরকারি বিধি অনুযায়ী মোট মূল্য হতে উৎসে আয়কর এবং মূল্য সংযোজন কর (ভ্যাট) কর্তন করে যথারীতি সরকারি কোষাগারে জমা দেয়া হবে । **আবশ্যিকভাবে বিলের সাথে মুসক ৬.৩ প্রদান করতে হবে।**

১৮) **কার্যাদেশ প্রদান:** দরপত্র দাখিলের পর প্রয়োজনীয় যাচাই বাছাই শেষে আঞ্চলিক ক্রয় কমিটির সুপারিশ এর পরিপ্রেক্ষিতে কার্যাদেশ প্রদান করা হবে। কার্যাদেশ প্রাপ্তির ০৩ কর্মদিবস এর মধ্যে পর্যাপ্ত লোকবল নিয়ে কাজ আরম্ভ করতে হবে।অন্যথায় বিনা নোটিশে কার্যাদেশ বাতিল হয়ে যাবে এবং ১০% জামানত টাকা বাজেয়াপ্ত হয়ে যাবে।

১৯) **বাধ্যবাধকতা:** কারিতাস বাংলাদেশ সর্বনিম্ন দরপত্রদাতাকে কার্যাদেশপত্র প্রদানে বাধ্য নয়, এক্ষেত্রে দরপত্র দাতার সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা, অর্থনৈতিক সামর্থ্য ও গুণগত মান বিবেচ্য বিষয়। দরপত্রের সাথে বিলের মোট মূল্যের সংগতি না থাকলে ও প্রয়োজনীয় কাগজপত্র জমা না দিলে দরপত্র আপনা-আপনি বাতিল হয়ে যাবে।

২০) **দরপত্র/কোটেশন দাখিল/প্রদান:** অত্র কার্যালয় হতে সিডিউল/দরপত্র সংগ্রহ পূর্বক দরপত্রটি একটি আবেদনপত্র সহ (আবেদনে অত্র বিজ্ঞপ্তির সকল বিষয়/শর্তাদি মেনে কাজ করার বিষয় উল্লেখ করতে হবে) আগামী ২৯/০৪/২০২৬ খ্রিঃ তারিখে দুপুর ২.০০ ঘটিকায় মধ্যে আঞ্চলিক কার্যালয়, কারিতাস চট্টগ্রাম, **১/ই**, বায়েজিদ বোস্তামী রোড (মিমি সুপার মার্কেটের পেছনে), পূর্ব নাসিরাবাদ, চট্টগ্রাম এ রক্ষিত টেন্ডার বক্সে জমা দিতে হবে। দাখিলকৃত দরপত্র ঐদিন ২৯/০৪/২০২৬ খ্রি: তারিখ বিকাল ০৩.০ ঘটিকায় উন্মোচন করা হবে। উক্ত টেন্ডার উন্মোচনের সময় টেন্ডার দাখিলকারী ব্যক্তিগণ উপস্থিত থাকতে পারবেন।

২১) **দরপত্র কোটেশনের কার্যকারিতা:** দরপত্রে উল্লেখিত সকল মূল্য নির্মাণ কাজ শেষ হওয়ার **৩** মাস পর্যন্ত কার্যকর থাকবে।

২২) বিদ্যালয়ের কার্যক্রম চলাকালীন সময়ে শিক্ষা কাযক্রম ব্যহত হয় এমন কোন কাজ করা যাবে না। শুক্রবার, শনিবার এবং সকল বন্ধের দিন এবং রাতেও কাজ করা লাগতে পারে।

২৩) শ্রমিকদের থাকা খাওয়ার ব্যবস্থা ঠিকাদার নিজ খরচে বহন করবে।

২৪) **নিরাপত্তা সরঞ্জাম:** কাজ চলাকালীন সময়ে শ্রমিকদের নিরাপত্তা সরঞ্জাম (হেলমটে, সেফটি সু, ভেস্ট, সেফটি বেল্ট) সরবরাহ ও ব্যবহার নিশ্চিত করতে হবে।

২৫) **দক্ষ প্রতিনিধি:** কাজ চলাকালীন সময়ে ঠিকাদারের একজন দায়িত্বপ্রাপ্ত প্রকোশলী কে অবশ্যই সাইটে উপস্থিত থাকত হবে।

২৬) **আইন বিরোধী কর্মকান্ড:** কাজ চলাকালীন সময়ে কোন শ্রমিক বা ঠিকাদার প্রতিনিধি কর্তৃক আইন বিরোধী কর্মকান্ড যেমন, মাদক গ্রহণ, মারামারি, ইভটিজিং ইত্যাদি থেকে বিরত থাকতে হবে। অন্যথায় বিনা নোটিশে কার্যাদেশ বাতিল হয়ে যাবে এবং ১০% জামানত টাকা বাজেয়াপ্ত হয়ে যাবে।

***২৭)*বিল পরিশোধ:** নির্মাণ কাজ সমাপ্ত হওয়ার পর কারিতাস এর দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধির সুপারিশ অনুসারে দরপত্র অনুযায়ী বিল দাখিল করতে হবে। দাখিলকৃত বিল সম্পৃক্ত সকলের পরীক্ষা নীরিক্ষার পর যথানিয়মে সরকারী বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তনপূর্বক ঠিকাদারী প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবে একাউন্ট-পে চেকের মাধ্যমে পরিশোধ করা হবে। বিল করার ক্ষেত্রে যৌথভাবে মেজারমেন্ট নিতে হবে। কোনো প্রকার আংশিক বিল দেওয়া হবে না। যেকোনো যেকোনো মালপত্র এবং কাজ এর জন্য কারিতাস এর প্রকোশলীএর কাছ থেকে অনুমতি নিতে হবে। অন্যথায় মালপত্র এবং কাজ বাতিল বলে গণ্য হবে।

***২৮)*জরিমানা:** কার্যাদেশ পাওয়ার পর উল্লেখিত সময়ের মধ্যে কাজ সম্পাদন করতে না পারলে শর্তানুসারে পেনাল্টি হিসাবে **সিকিউরিটি মানি** /বিল থেকে দৈনিক ৫,০০০ টাকা করে কর্তন করা হবে।

২৯) কারিতাস বাংলাদেশ কোন প্রকার লিখিত পত্র ব্যতিত এই দরপত্র আহ্বান বা বাতিল, দরপত্র আংশিক / সর্ম্পূণ গ্রহণ / বর্জন / সংশোধন করার অধিকার সংরক্ষণ করে থাকে।

৩০) উল্লেখিত বিষয় ব্যতিত যে কোন ধরনের পরিবর্তনের ক্ষেত্রে কারিতাস বাংলাদেশের সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে। এই বিষয়ে কোন প্রকার ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না এবং সর্ব আদালতে অগ্রাহ্য হবে।

৩১) **সেফগার্ডি পলিসি:** সরবরাহকারীকে অবশ্যই প্রতিষ্ঠানের সেফগার্ডি পলিসি কঠোরভাবে মেনে চলতে হবে এবং কাজের পরিবেশে সকল প্রকার হয়রাানি বা শোষণ রোধে জিরো টলারেন্স নীতি বজায় রাখতে হবে। কর্মক্ষেত্রে যেকোনো অনাকাঙিত ঘটনা বা ঝুঁকি

চিহ্নিত হলে তা তাৎক্ষণিকভাবে কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। অন্যথায় বিনা নোটিশে কার্যাদেশ বাতিল হয়ে যাবে এবং ১০% জামানত টাকা বাজেয়াপ্ত হয়ে যাবে।

৩২) এই কাজের জন্য কোন প্রকার সাব কন্ট্রাক্ট দেওয়া যাবে না। অন্যথায় বিনা নোটিশে কার্যাদেশ বাতিল হয়ে যাবে। এবং ১০% জামানত টাকা বাজেয়াপ্ত হয়ে যাবে।

৩৩) একই সাথে অনেক ধরণের কাজ সমান্তরালে চালিয়ে যেতে হবে। পর্যাপ্ত মালপত্র ব্যবহার করে কারিতাস বাংলাদেশ এর প্রকোশলী এর পরামর্শক্রমে এবং কারিতাস প্রদেয় পরিকল্পনা অনুযায়ী কাজ করতে হবে অন্যথায় বিনা নোটিশে কার্যাদেশ বাতিল হয়ে যাবে। এবং ১০% জামানত টাকা বাজেয়াপ্ত হয়ে যাবে।

৩৪) কোনো কাজের মান ভালো না হলে এবং কারিতাস বাংলাদেশ এর প্রকোশলী বাতিল করে দিতে পারবে এবং সেটা পূনরায় করে দিতে হবে অন্যথায় ওই আইটেম এর বিল দেওয়া হবেনা।

৩৫) কোনোলোকাল যেকোনো সমস্যা, রাজনৈতিক প্রেসার ইত্যাদি ঠিকাদারকে হ্যান্ডেল করতে হবে।

৩৬) **শিশু সুরক্ষা নীতি:** কাজ চলাকালীন শিশুদের সুরক্ষা নিশ্চিত করতে প্রতিষ্ঠানের শিশু সুরক্ষা নীতি অনুসরণ করতে হবে এবং কোনো অবস্থাতেই শিশুশ্রম বা শিশুদের জন্য ঝুঁকিপূর্ণ কোনো কাজ করানো যাবে না। অন্যথায় বিনা নোটিশে কার্যাদেশ বাতিল হয়ে যাবে। এবং ১০% জামানত টাকা বাজেয়াপ্ত হয়ে যাবে।

৩৭) **দরের পরিবর্তন:** যে কোন রাজনৈতিক পরিস্থিতি ও আর্ন্তজাতিক পর্যায়ে দাম বাড়লে দরপত্রে দরের কোন পরিবর্তন করা যাবেনা।

৩৮) দরপত্র সংক্রান্ত যেকোন বিষয়ে অস্পষ্টতা থাকলে প্রয়োজনে বোরহান উদ্দিন, একাউন্টস এন্ড এডমিন অফিসার, FRR-Feni প্রকল্প (০১৮১৮-৩৪৪২৮৪; এর সাথে শুধুমাত্র অফিস চলাকালীন (৯.০০- ৪:০০) সময়ের মধ্যে যোগাযোগ করে সুস্পষ্ট ধারণা গ্রহণের জন্য বলা হলো।

মার্সেল রতন গুদা
আঞ্চলিক পরিচালক
কারিতাস চট্টগ্রাম অঞ্চল